

বরাবর,

রেজিষ্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফানেজ রোড, বকশী বাজার, ঢাকা।

বিষয় : দুর্নীতিবাজ সুপারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও নিয়মিত কমিটি অনুমোদন না দেওয়ার আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক নিবেদন যে, আমি মনজুর আলম, পিতা-মৃত-দেলোয়ার হোসেন মৃধা, ২নং কালীসুরী ইউনিয়ন পরিষদ সদস্য ও সভাপতি (এড হক কমিটি) রাজপুর ছালেহিয়া দাখিল মাদ্রাসা, বাউফল উপজেলা, পটুয়াখালী। মাদ্রাসার কোর্ড নং-১৭/১৫১, ই,এন নং-১০২০৫৮ অত্র মাদ্রাসার সুপার শুরুতেই জাল জালিয়াতির মাধ্যমে শুরু করেছিলেন কারণ তিনি ১৯৯৬ইং সনে কামিল পাশ করেন অথচ ১৯৯০ইং সনে সে সুপার হন যাহা সম্পূর্ণ জাল জালিয়াতির মাধ্যমে। মাদ্রাসাটি ৬ বছর পর্যন্ত কমিটি বিহীন পরিচালনা করে। অর্থাৎ মাদ্রাসা ৬ বছর কোন কমিটি ছিলনা। সুপার আব্দুল জব্বার এতটা বেপরোয়া যে, রাজাপুর বালিকা দাখিল মাদ্রাসার নিয়মিত কমিটি দিয়ে রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসায় ৩ জন শিক্ষক জাল জালিয়াতির মাধ্যমে নিয়োগ প্রদান করেন। যার জন্য সুপারের বিরুদ্ধে জাল জালিয়াতির মামলা হয়। বাউফল থানার মামলা নং-০৪(৫) ২০১৬ যাহা দুদকে চলমান মামলার কপি সংযুক্ত এবং নিয়মিত কমিটি করার জন্য সদস্য নির্বাচন হয়, কিন্তু তাদের প্রস্তাব সমর্থনকারী সভাপতিকে সভাপতি না করে তার বাধ্যগত সভাপতি নির্ধারণ করে কমিটির কাগজ মাদ্রাসা বোর্ডে জমা দিয়েছেন এবং গত ১৮/০৬/২০১৬ইং তারিখে ভুল তথ্য দিয়ে অভিভাবক সদস্যদের নিকট থেকে রাতের আধারে অলিখিত রেজুউলেশন বইতে স্বাক্ষর নিয়েছেন। যাহার বিরুদ্ধে ইউএনও বরাবরে গত ২১/০৬/২০১৬ইং তারিখে মামলা হইয়াছে যাহা চলমান, মামলার কপি সংযুক্ত। সুপারের জাল জালিয়াতি ও বিভিন্ন অনিয়ম দুর্নীতি ও অবৈধ সুপার মর্মে তার বিরুদ্ধে পটুয়াখালী জর্জ কোর্টে একটি দেওয়ানী মামলা চলমান মামলা নং-১০৩/১৬ মামলার কপি সংযুক্ত: সুপারের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও জাল জালিয়াতির মামলা কোর্টে চলমান থাকায় গত ২৩/০৬/২০১৬ইং তারিখ সুপারকে সুপার পদ হইতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তাহার বিরুদ্ধে সকল অভিযোগ তদন্তের জন্য ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। যাহার পরিপ্রেক্ষিতে অফিসিয়াল কোন কাজ বরখাস্তকৃত সুপার করতে পারে না। সুপার পুনঃরায় জাল জালিয়াতির মাধ্যমে মাদ্রাসা বোর্ডে তার মন গড়া নিয়মিত কমিটি জমা দেন। উক্ত কমিটি অনুমোদন হলে মাদ্রাসার শিক্ষার পরিবেশ নষ্ট হবে এবং মাদ্রাসা শিক্ষার উপর জন সাধারণ আস্থা হারাবে।

অতএব, মহোদয়ের সমীপে উপরোক্ত সকল বিষয়গুলোর যথাযথ ব্যবস্থা গ্রহণ করে জাল জালিয়াতির মামলার আসামী ও বরখাস্তকৃত সুপারের মাধ্যমে জমাকৃত কমিটি অনুমোদন না দিয়ে, এবং সুপারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে মাদ্রাসাটিকে রক্ষা করার আকুল আবেদন করিতেছি।

তাং- ২৪-০৭-২০১৬ইং

বিনীত নিবেদক

 ২৪.০৭.১৬
মোঃ মনজুর আলম

স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য ও
সভাপতি (এড হক কমিটি)
রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসা
বাউফল পটুয়াখালী।
মোঃ মনজুর আলম
সভাপতি
রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসা
বাউফল, পটুয়াখালী।

০১/৭/২০১৬



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফগানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/ ১৮৭৭

তারিখ :- ১১ / ০৮ / ২০১৬খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব এ. বি. এম. আঃ জব্বার এর বিরুদ্ধে দুর্নীতি, নিয়োগ বাণিজ্য, জাল জালিয়াতি, অবৈধ কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে এডহক কমিটির সভাপতি ও স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ মনজুর আলম কাগজপত্রসহ একখানা অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, একই বিষয় উল্লেখ করে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় সংসদের চীফ হুইপ জনাব আ. স. ম ফিরোজ, এমপি'র একখানা ডিও লেটার সংযুক্ত রয়েছে (কপি সংযুক্ত)।

২) অপরদিকে সুপার জনাব এ. বি. এম. আঃ জব্বার এডহক কমিটির সভাপতি জনাব মোঃ মনজুর আলম এর বিরুদ্ধে হীনস্বার্থ চরিতার্থ করার জন্য অবৈধভাবে সুপারকে বরখাস্তের পায়তারা, প্রাণ নাশের হুমকী এবং মাদরাসার অফিসকক্ষে তালা লাগানোর বিষয়ে অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় পারস্পারিক অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক...০২. (...১২...) পাতা।

প্রফেসর এ. কে. এম. ছায়েক উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১০২১৬

উপজেলা নির্বাহী অফিসার
বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৭৮/

তারিখ :- / ০৮ / ২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৪. জনাব মোঃ মনজুর আলম সভাপতি- এডহক কমিটি, রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৫. সুপার, রাজাপুর সালেহিয়া দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

(মোঃ মজিবুর রহমান)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪